**বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ**
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা
www.bb.org.bd

এফই সার্কুলার নম্বর ৩৩

তারিখ : অগ্রহায়ণ ১২, ১৪৩১
------------------
নভেম্বর ২৭, ২০২৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

অগ্রিম প্রাপ্ত রপ্তানিমূল্যের বিপরীতে চামড়া ও চামড়াজাত দ্রব্য রপ্তানির ক্ষেত্রে নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে জারিকৃত এফই সার্কুলার নং ০৫, তারিখ মে ০৪, ২০১১-এর প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, টিটি'র মাধ্যমে প্রাপ্ত অগ্রিম রপ্তানিমূল্যের বিপরীতে চামড়া ও চামড়াজাত দ্রব্য রপ্তানিতে নগদ সহায়তা পরিশোধের ক্ষেত্রে উল্লিখিত সার্কুলারটির (গ) উপঅনুচ্ছেদ নিম্নোক্তভাবে সংশোধন করা হলো :

''(গ) যে দেশে পণ্য রপ্তানি করা হবে সে দেশ থেকে সংশ্লিষ্ট রপ্তানি মূল্য প্রত্যাবাসিত হতে হবে। এছাড়া ভিন্ন দেশ থেকে রপ্তানিমূল্য প্রত্যাবাসিত হলেও নিম্নবর্ণিত শর্ত পরিপালন সাপেক্ষে নগদ সহায়তা প্রদেয় হবে :

১) রপ্তানি আদেশ প্রদানকারী থেকে বা রপ্তানি আদেশ প্রদানকারীর সাথে সুনির্দিষ্ট ব্যবসায়িক সম্পর্ক রয়েছে এরূপ উৎস থেকে (এক্সচেঞ্জ হাউস ব্যতীত) রপ্তানিমূল্য প্রাপ্তির বিষয়টি নিশ্চিত হতে হবে ;

২) নগদ সহায়তার আবেদন প্রক্রিয়াকরণের পূর্বে পণ্য রপ্তানির বিষয়ে সংশ্লিষ্ট ব্যাংককে স্বীকৃত ট্রাকিং পদ্ধতি/কাস্টমস কর্তৃপক্ষের এক্সপোর্ট জেনারেল মেনিফেস্টের মাধ্যমে নিশ্চিত হতে হবে এবং উক্ত তথ্যাদি (প্রিন্টেড কপি) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে ''

০২। এ সার্কুলার জারির তারিখ হতে জাহাজীকৃত পণ্যের বিপরীতে নগদ সহায়তা প্রদানের ক্ষেত্রে বর্ণিত নির্দেশনা কার্যকর হবে। পূর্বের কোনো অনিষ্পন্ন বিষয়ে কিংবা অডিট আপত্তি রয়েছে এমন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণে এ সার্কুলার প্রযোজ্য হবে না।

সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে ।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ হারুন-অর-রশিদ)
পরিচালক (এফইপিডি)
ফোন : ৯৫৩০১২৩